



নং-২৭.২৭.২৬৬৬.১১.০১.২১.১০৫৯

তারিখঃ ১১/০৭/২০২১

প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (ইজিসিবি) এর মামলা পরিচালনা (উচ্চ আদালত ও নিম্ন আদালতে) ও আইনগত পরামর্শ প্রদানের জন্য অভিজ্ঞ আইনজীবীদের নিকট হতে নিম্নোক্তভাবে প্যানেল আইনজীবী নিয়োগের নিমিত্ত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্যাটাগরি	প্যানেল আইনজীবীর যোগ্যতা
‘এ’ ক্যাটাগরি	বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তি এবং উক্ত বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা।
‘বি’ ক্যাটাগরি	বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তি এবং উক্ত বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ৬ বছরের অভিজ্ঞতা।
‘সি’ ক্যাটাগরি	বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তি এবং উক্ত বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ৪ বছরের অভিজ্ঞতাসহ জজকোর্টে মামলা পরিচালনায় ৫ বছরের অভিজ্ঞতা।

সকল ক্যাটাগরির আইনজীবীগণের ক্ষেত্রে প্রযোজ্য অন্যান্য যোগ্যতা ও শর্তাবলী

- প্রার্থীগণকে অবশ্যই বাংলাদেশে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে।
- প্যানেল আইনজীবীগণ ইজিসিবি’র বিভিন্ন মামলা পরিচালনা করবেন এবং চাহিদা মোতাবেক আইনগত পরামর্শ প্রদান করবেন এবং ইজিসিবি’র পেমেন্ট সিডিউল মোতাবেক সম্মানী (ভ্যাট ও ট্যাক্স ব্যতিত) প্রাপ্য হবেন।
- ইজিসিবি’র প্যানেল আইনজীবী হিসেবে অন্তর্ভুক্ত থাকাকালীন ইজিসিবি’র বিরুদ্ধে কোন মামলা পরিচালনা বা আইনগত পরামর্শ দিতে পারবেন না।
- মামলার অগ্রগতি প্রতিবেদন নিয়মিত (প্রতি ৩ মাস অন্তর) নির্দিষ্ট ছকে ইজিসিবি বরাবর দাখিল করতে হবে।
- কোন মামলায় ইজিসিবি’র বিরুদ্ধে রায় হলে তাৎক্ষণিকভাবে পরবর্তী করণীয় বিষয়ে ইজিসিবি’কে লিখিতভাবে অবহিত করতে হবে।
- কোন আইনজীবীর পেশাগত কার্যক্রম সম্ভাষণজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তার নিয়োগ আদেশ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা ইজিসিবি লিঃ সংরক্ষণ করে।

দরখাস্তকারীকে সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্য ও চাহিদা প্রতিপালনপূর্বক আবেদন করতে হবে

- (ক) নাম, (খ) পিতার/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ও বর্তমান/চেম্বারের ঠিকানা এবং ফোন নম্বর, (ঙ) জন্ম তারিখ, (চ) শিক্ষাগত যোগ্যতার বিবরণ, (ছ) মহামান্য হাইকোর্ট/আপিল বিভাগে ও জজকোর্টে আইনজীবী হিসেবে তালিকাভুক্তির সার্টিফিকেট, (জ) মামলা পরিচালনার অভিজ্ঞতা, (ঝ) নাগরিকত্ব সনদ/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি।
- ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি বরাবর দরখাস্ত আগামী ১২/০৮/২০২১ তারিখের মধ্যে ডাক যোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে কোম্পানীর কর্পোরেট দপ্তরে (ইউনিক হাইটস, লেভেল-১৪, ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ইন্সটান গার্ডেন, ঢাকা ১২১৭) পৌছাতে হবে।
- কর্তৃপক্ষ যে কোন শর্ত শিথিল বা নতুন শর্ত সংযোজনের ক্ষমতা সংরক্ষণ করে।

ব্যবস্থাপনা পরিচালক

ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড

ফোনঃ ৫৫১৩৮৬৩০